



## ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং- ১৬০/২০১৮

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর, ২০১৮ খ্রীষ্টাব্দ

### নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভূক্ত আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এ “সিনিয়র প্রিন্সিপাল অফিসার” এর ১২টি ও “প্রিন্সিপাল অফিসার” এর ৪৪টি সহ মোট ৫৬(ছাপ্পান্ন)টি শূন্য পদে(কম/বেশি হতে পারে) সরাসরি নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদ নাম, গ্রেড ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫ মোতাবেক)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স
১।	সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ৫ম গ্রেড, ৪৩০০০ - ৬৯৮৫০/-	১২(বার)টি	ক) চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট অথবা আই,সি,এম,এ উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। খ) ০১/১০/২০১৮ইং তারিখে সর্বোচ্চ বয়স ৪০ বৎসর।
২।	প্রিন্সিপাল অফিসার, ৬ষ্ঠ গ্রেড ৩৫৫০০ - ৬৭০১০/-	৪৪(চুয়াল্লিশ)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন্য দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে সিনিয়র অফিসার পদে ন্যূনতম ২(দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং শিক্ষা জীবনে অনূন্য একটি প্রথম বিভাগ বা শ্রেণি থাকতে হবে, তবে শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না। (খ) ০১/১০/২০১৮ইং তারিখে সর্বোচ্চ বয়স ৩৫ বৎসর।

৩। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণি
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণি

৪। ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

৫। আত্রহী প্রার্থীদেরকে ৩১/১০/২০১৮ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক ও সদস্য-সচিব, বিএসসি, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় (২য় সংলগ্নী ভবন ১৭তম তলা), ঢাকা বরাবর আবেদন পৌছাতে হবে।

৬। আবেদনের সাথে নিম্নে বর্ণিত সনদপত্র/কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি রঙিন ছবি;

খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এর কপি;

গ) অভিজ্ঞতার সনদপত্রের কপি;

ঘ) স্ব-স্ব স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের কপি (বিবাহিত মহিলা প্রার্থীকে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে ইস্যুকৃত জাতীয়তা সনদপত্রের কপি)।

৭। চাকুরীরত প্রার্থীদেরকে স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

৮। প্রার্থীদের প্রয়োজনে ১০০ নম্বরের MCQ পরীক্ষা, লিখিত পরীক্ষা অথবা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(মোঃ মোশাররফ হোসেন খান)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি

ফোনঃ ৯৫৩০২২৬